

ফির্কাহ নাজিয়া

বিভাগ/অধ্যায়ঃ কতিপয় জাল হাদীসের নমুনা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কতিপয় জাল হাদীসের নমুনা

- ১। "আল্লাহ তাঁর নিজ নুর (জ্যোতির) এক মুষ্ঠি ধারণ করে তার উদ্দেশ্যে বলেন, "তুমি মুহাম্মাদ হয়ে যাও।" (জাল)
- ২। "আল্লাহ প্রথম যা সৃষ্টি করেন তা হল তোমার নবীর নুর, হে জাবের!" (গড়া বা জাল)
- ৩। "তোমরা আমার মর্যাদার অসীলায় (করে দুআ) কর।" (ভিত্তিহীন)
- ৪। "যে ব্যক্তি হজ্জ করল, অথচ আমার (কবর) যিয়ারত করল না সে আমার প্রতি দুর্ব্যবহার করল।" (হাফেয যাহাবী এটিকে জাল বলেছেন।)
- ৫। "মসজিদে কথাবার্তা বলা নেকী (পুণ্য) খেয়ে ফেলে যেমন আগুন ইন্ধন খেয়ে (ধ্বংস করে) ফেলে।" (হাফেয ইরাকী বলেন, 'ভিত্তিহীন।)
- ৬। "আমার অবস্থা সম্বন্ধে তার জ্ঞান আমার যাচনা থেকে যথেষ্ট করবে।" (ইবনে তাইমিয়্যাহ বলেন, গড়া।)
- ৭। "স্বদেশপ্রেম ঈমানের অংশ বিশেষ।" (জাল, যেমন আসফাহানী বলেন।)
- ৮। "তোমরা বৃদ্ধাদের দ্বীন অবলম্বন কর।" (জাল, ভিত্তিহীন।)
- ৯। "যে নিজেকে চিনেছে সে তার প্রভুকে চিনেছে।" (ভিত্তিহীন)
- ১০। "আমি গুপ্ত ধন-ভান্ডার ছিলাম।" (ভিত্তিহীন)।
- ১১। "আদম যখন ত্রুটি করে বসলেন তখন তিনি বললেন, হে প্রতিপালক! আমি মুহাম্মাদের অসীলায় প্রার্থনা করছি আমাকে ক্ষমা করে দাও----।" (জাল)
- ১২। "আলেমগণ ব্যতীত সমূহ মানুষ মৃত, এবং আমলকারীগণ ব্যতীত সমস্ত আলেম সর্বনাশগ্রস্ত, এবং মুখলিস (বিশুদ্ধচিত্ত)গণ ব্যতীত সমস্ত আমলকারীগণও জল-নিমজ্জিত। আর মুখলেসগণও বড় বিপদের সম্মুখীন।" (গড়া)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12428

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন